শিশুদের জন্য বাইবেল
নিবেদন করছে



ভালো রাজা,
মন্দ রাজা

লেখক: Edward Hughes

চিত্রাংকন: Lazarus

অভিযোজন: Ruth Klassen

অনুবাদক: Manab Biswas

প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

©2016 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

মনঃশির জন্য এটা দুঃখের দিন ছিল। তার পিতা রাজা হোশেয় সবেমাত্র মারা গেছে। এখন তার মাত্র বারো বছর বয়স।

মনঃশি যিহূদায় ঈশ্বরের লোকদের উপর নতুন রাজা হয়েছিল। সে তখন জানত না যে, সে মনঃশি পঞ্চান্ন বছরের জন্য রাজা হবেন। ভালো রাজা হওয়ার জন্য মনঃশির ঈশ্বরের সাহায্যের প্রয়োজন ছিল।

কিন্তু মনঃশি ঈশ্বরকে উপেক্ষা করল ও মন্দ কাজ করল।

মনঃশি প্রতিমা পূজা করার জন্য যজ্ঞবেদি তৈরি করল।



এমনকি সে খোদিত প্রতিমা বানাল ও ঈশ্বরের পবিত্র মন্দিরে বসাল। ঈশ্বর মোশির মাধ্যমে বলেছিলেন, “তুমি কোনও খোদিত প্রতিমা বানাবে না। তুমি ওদের সেবা করবে না”।



মনঃশি ভূত-প্রেত ও জাদুবিদ্যা করত। সে লোকদের ঈশ্বর থেকে দূরে সরিয়ে নিয়ে যেতে নেতৃত্ব দিয়েছিল।



এমনকি রাজা তার ছেলেকে প্রতিমার কাছে উৎসর্গ দেবার জন্য পুড়িয়ে দিয়েছিল। মনঃশির অবাধ্যতা ঈশ্বরকে ক্রুদ্ধ করেছিল।



যখন তার লোকরা অবাধ্য হয়, ঈশ্বর তাদের দণ্ড দেন। মনঃশির প্রতি ও সে যাদের উপর শাসন করত, তাদের প্রতি সেটাই ঘটেছিল।



ঈশ্বর অশূরিয় সৈন্যদেরকে তাদের উপর আনিয়েছিলেন। মনঃশিকে সেখান দিয়ে বেঁধে ব্যাবিলনে নিয়ে যাওয়া হয়।



ব্যাবিলনে কষ্টভোগ করার পর, মনঃশি ঈশ্বরকে অনুনয় করল। সে ঈশ্বরের সামনে নিজেকে নত করল ও তাঁর কাছে প্রার্থনা করল।

আর মৃত প্রতিমার
কাছে প্রার্থনা নয়।
কিন্তু জীবন্ত ঈশ্বর
কি মনঃশিকে
দুর্বত্ততা সত্ত্বেও
উত্তর দেবেন?

হ্যাঁ, ঈশ্বর রাজার প্রার্থনা শুনলেন ও তাকে জেরুশালেমে নিয়ে আসলেন।

তার আসনে বসালেন,
এবং তার লোকদের
উপর আবার রাজা
করালেন। মনঃশি
বুঝতে পারল যে,
ঈশ্বর দয়াময়।

রাজা মনঃশি এখন এক নতুন ব্যক্তি।

সে ঈশ্বরের মন্দির থেকে সমস্ত প্রতিমাকে বার করল ও জেরুশালেমে সমস্ত বিদেশি দেবতাদের একসাথে বার করে ঈশ্বরের মন্দির থেকে ছুড়ে ফেলে দিল।



সে ঈশ্বরের বেদিকে সারালেন ও ধন্যবাদের উৎসর্গ করলেন।



তারপর তিনি তার লোকদেরকে ইস্রায়েলের প্রভু ঈশ্বরের সেবা করার আজ্ঞা দিলেন। মনঃশির মধ্যে এক পরিবর্তন এল।

মনঃশি যখন মারা গেল, তার পুত্র আমোন প্রতিমা পূজার দিকে ফিরল, কিন্তু মনঃশির মতো সে নিজেকে ঈশ্বরের প্রতি নত করল না।

আমোন আরও আরও পাপ করতে লাগল। অবশেষে তার আত্মীয় তাকে তার ঘরের মধ্যে হত্যা করল। সে মাত্র দু’বছর শাসন করেছিল।

পরে রাজা যোশিয়, যার বয়স মাত্র আট বছর ছিল। তিনি একত্রিশ বছর রাজত্ব করেছিলেন ও ঈশ্বরের দৃষ্টিতে যা ভালো, তাই করেছিলেন।

তিনি সব নকল
উপাসনা ও নকল
দেবতা ধ্বংস
করে দিয়েছিলেন।
প্রকৃতপক্ষে যোশিয়
সমস্ত প্রতিমাকে
ধুলোয় মিশিয়ে
দিয়েছিল।

যোশিয় একজন ভালো রাজা, যিনি ঈশ্বরের মন্দির পরিষ্কার ও মেরামত করেছিলেন।



একজন পুরোহিত ধ্বংসস্তূপের মধ্য দিয়ে ঈশ্বরের একটি নিয়মের বই খুঁজে পেয়েছিল, যা ঈশ্বর মোশিকে দিয়েছিলেন।

রাজা যখন এই নিয়মের কথা শুনতে পেল, তিনি দুঃখে তার কাপড় ছিঁড়ে ফেলল।

যোশিয় জানত
তার পূর্বপুরুষেরা
কত দুষ্টভাবে
ঈশ্বরের নিয়মের
অবাধ্য হয়েছিল।

হুলদা নামে একজন মহিলা ভাববাদী, যোশিয়কে ঈশ্বরের বার্তা শোনাল, “ঈশ্বর এই কথা বলেন, দেখ এই বইতে যে সমস্ত অভিশাপ আছে, সেগুলি আমি এখানে নিয়ে আসব, কারণ তারা আমাকে

পরিত্যাগ করেছ।”

কিন্তু যেহেতু যোশিয়
বাধ্য ও নম্র ছিল,
সেহেতু এগুলো তার
মৃত্যু না হওয়া
পর্যন্ত ঘটবে না।

তার লোকদেরকে ঈশ্বরের পথে ফিরিয়ে আনতে ঈশ্বর যোশিয়রে নেতৃত্ব দিয়েছিলেন। একদিন যুদ্ধক্ষেত্রে তার সৈন্যদের নেতৃত্ব দেওয়ার সময় এক শত্রুর তীর দ্বারা যোশিয় খুব বাজেভাবে ঘায়েল হয়।

তার চাকর তাকে রথে করে জেরুশালেমে তার বাড়িতে নিয়ে গেল, সেখানে তিনি মারা গেলেন। তার সমস্ত লোকেরা দুঃখ করল ও ভালো রাজা যোশিয়র জন্য একটা গান লিখল।



এর পরেই রাজত্ব শেষ হয়েছিল। কিন্তু একদিন এক রাজা ইস্রায়েলের উপর আবার রাজত্ব করবেন। তার নাম রাজাদের রাজা ও প্রভুদের প্রভু।





যীশু খ্রীস্ট যখন প্রথমবার এলেন, তিনি প্রত্যাখ্যাত ও ক্রুশারোপিত হয়েছিলেন।





যীশু যখন আবার আসবেন, তিনি শুধু ইস্রায়েলের রাজা হবেন তাই নয়, কিন্তু সমস্ত পৃথিবীর উপর রাজা হবেন।

ভালো রাজা, মন্দ রাজা

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

২বংশাবলি ৩৩-৩৬

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন:

প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন!

যোহন ৩:১৬